



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

স্মারক নং : সিশিবো/বিদ্যা/রেজিস্ট্রেশন/জেএসসি-১৭/৬১৫

তারিখঃ ১৬/০৪/২০১৭ খ্রিঃ

বিষয় : ২০১৭ শিক্ষাবর্ষে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি জমাদান ও অনলাইন রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সরকারি ও বেসরকারি নিম্ন / মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সনে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত নির্দেশাবলী, ফি এবং সময়সূচি অনুযায়ী অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

নির্দেশাবলী :

- সাধারণত বিদ্যালয়ে ভর্তি রেজিস্টারসহ অন্যান্য ক্ষেত্রে শিক্ষার্থীদের তথ্যে বাংলা ব্যবহার করা হলেও অনলাইন রেজিস্ট্রেশনে যেহেতু সকল তথ্য ইংরেজিতে পূরণ করা বাধ্যতামূলক তাই রেজিস্ট্রেশনের সময় অবশ্যই ছাত্র/ ছাত্রীদের পিতা-মাতা ও অভিভাবকদের নিকট থেকে সঠিক বানান নিশ্চিত হয়ে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ২০১৭ সনের জে এস সি অনলাইন রেজিস্ট্রেশনের জন্য বিগত বছরের Log in password ব্যবহার করতে হবে।
- জে এস সি পরীক্ষা পরিচালনা নীতিমালা ১ (খ) ধারা অনুযায়ী জে এস সি পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষা বছরের ৩১ ডিসেম্বর পরীক্ষার্থীর বয়স ন্যূনতম ১২ বছর হতে হবে এবং ১৭ বছরের বেশি বয়সের ছাত্র/ছাত্রী জে এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। অর্থাৎ ২০১৭ সনের জে এস সি পরীক্ষার্থীর বয়স ৩১/১২/২০১৭ খ্রিঃ তারিখে ন্যূনতম ১২ বছর হতে হবে এবং ১৭ বছরের উর্ধ্ব হবে না।
- রেজিস্ট্রেশনের সময় শিক্ষার্থীর নাম, পিতা ও মাতার নামের পূর্বে মি., মিসেস, মৃত, মরহুম, মেজর, কর্ণেল, ব্রিগেডিয়ার, ডাক্তার, ড., শ্রী, শ্রীমতি, পাদ্রী, ফাদার, ভিক্ষু ইত্যাদি এবং নামে শেষে পদবি ছাড়া এমএ, বিএ, এফআরসিএস ইত্যাদি লেখা যাবে না।
- ছবি Upload করার সময় খুবই সতর্কতা অবলম্বন করতে হবে যাতে এক জনের ছবির পরিবর্তে অন্য জনের ছবি Upload হয়ে না যায়।
- যে সকল শিক্ষার্থী ২০১৬ সালে রেজিস্ট্রেশন করেছে তাদের পুনরায় রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই।
- রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি এর টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে “সোনালী সেবা” পদ্ধতিতে বোর্ডের নির্ধারিত “সোনালী ব্যাংক” সিলেট কর্পোরেট শাখার সঞ্চয়ী হিসাব নম্বর ৩৪১৮৭২২৬ এর অনুকূলে ২৪/০৫/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে টাকা জমা করতঃ মূল রশিদ হিসাব শাখায় জমা দিতে হবে। অতঃপর ফরওয়ার্ডিংসহ ফি জমাদানের রশিদের কপি ও ই-এসআইএফ এর ০১ (এক) কপি বিদ্যালয় শাখায় জমা দিতে হবে।

জে এস সি অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত খাত ওয়ারী ফি এর হার নিম্নরূপঃ


ক. রেজিস্ট্রেশন ফি (শিক্ষার্থী প্রতি) -----	৫০.০০
খ. ক্রীড়া ফি (শিক্ষার্থী প্রতি) -----	৩০.০০
গ. রেড ক্রিসেন্ট ফি (শিক্ষার্থী প্রতি) -----	১৫.০০
ঘ. অন্ধ কল্যাণ ফি (শিক্ষার্থী প্রতি) -----	৫.০০
ঙ. জাতীয় স্কুল ক্রীড়া এ্যাফিলিয়েশন ফি (প্রতিষ্ঠান প্রতি) -----	৩০০.০০
চ. উন্নয়ন ফি (শিক্ষার্থী প্রতি) -----	২৫.০০

(চলমান)

ফি এর রশিদ ও ই-এসআইএফ এর কপি জমাদানের সময়সূচি :

জেলা/ উপজেলার নাম	অনলাইনে রেজিস্ট্রেশনের সময়সূচি		ফি এর রশিদ ও ই-এসআইএফ এর কপি জমাদানের সময়সূচি
	চালু	বন্ধ	
সুনামগঞ্জ জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।	১৭/০৪/২০১৭	২০/০৫/২০১৭	০৪/০৬/২০১৭
হবিগঞ্জ জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।			০৫/০৬/২০১৭
মৌলভীবাজার জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।			০৬/০৬/২০১৭
সিলেট সদর, দক্ষিণ সুরমা, গোলাপগঞ্জ ও বিয়ানীবাজার উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।			০৭/০৬/২০১৭
সিলেট জেলার জকিগঞ্জ, কানাইঘাট, জৈন্তাপুর, গোয়াইনঘাট, কোম্পানীগঞ্জ, ফেঞ্চুগঞ্জ, বিশ্বনাথ, বালাগঞ্জ ও ওসমানীনগর উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।			০৮/০৬/২০১৭


চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



(ড. সৈয়দ মোয়াজ্জম হুসেন)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।


প্রাপক : অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক/ মাধ্যমিক বিদ্যালয়
ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয় (সরকারি ও বেসরকারি)।

অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. জেনারেল ম্যানেজার, টেলিটক বাংলাদেশ লিমিটেড, বাড়ী নং-৪১, রোড- ২৭, ব্লক-এ, বনানী, ঢাকা।
২. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক কর্পোরেট শাখা, সিলেট।
৩. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৪. হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৫. জেলা শিক্ষা অফিসার, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।